

নাসার প্রতিযোগিতায় দ্বাদশ স্থানে চন্দ্রবোট-২

*जातिथः २३-०१-२०*ऽ२

যুক্তরাষ্ট্রের মহাকাশ গবেষণা সংস্থার (নাসা) রোবট প্রতিযোগিতায় বেসরকারি বিশ্ববিদ্যালয় ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের তৈরি রোবট 'চন্দ্রবোট-২' একটি শাখায় ১২তম স্থান অর্জন করেছে। নাসার আয়োজনে তৃতীয়বারের মতো অনুষ্ঠিত বার্ষিক লুনাবোটিকস মাইনিং কম্পিটিশন (এলএমসি) শীর্ষক প্রতিযোগিতায় জো কসমো অ্যাওয়ার্ড অব এক্সিলেন্সি বিভাগে এই স্থান অর্জন করেছে 'চন্দ্রবোট-২' । প্রতিযোগিতায় এবার আটটি দেশের ৫৫টি বিশ্ববিদ্যালয় অংশগ্রহণ করে। পাশাপাশি মাইনিং শাখায় ১৪তম হয়েছে চন্দ্রবোট-২। প্রতিযোগিতায় রোবটের নির্দিষ্ট মাটি উত্তোলন, প্রকৌশলপত্র, উপস্থাপনা, প্রচারণাসহ নাসাতে অবস্থানকালে প্রতিযোগীদের আচরণের বিষয়টিও মূল্যায়ন করা হয়। গত ২১ থেকে ২৬ মে যুক্তরাষ্ট্রের কেনেডি স্পেস সেন্টারে অনুষ্ঠিত এ প্রতিযোগিতায় বাংলাদেশের মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ট টেকনোলজি (এমআইএসটি) এবং ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজির (আইইউটি) দুটি দলও অংশ নেয়।

চন্দ্রবোট-২ দলের শিক্ষক প্রতিনিধি বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক মো. থলিলুর রহমান জানান, 'অনসাইট মাইনিং শাখায় নয় কেজি মাটি সংগ্রহ করে মাইনিং ক্যাটাগরিতেও ১৪তম দল হয় চন্দ্রবোট-২। এ ছাড়া প্রতিযোগিতায় অনানুষ্ঠানিক রোবট-দৌড়েও চতুর্থ স্থান দখল করে দলটি।

চন্দ্রবোট-২ রোবটের ১০ সদস্যের দলের মধ্যে ছিলেন: মো. জুলামেদ হোসেন (দলনেতা), মাহমুদুল হাসান, মো. মিশিউর রহমান, কাজী মোহাম্মাদ রাজীন, সারাহ বিনতে নাসির, নাবিল সাকের, বল্লি আমিন থান, মোহনা গাজী, থাইরুল হাসান ও ফাহিম আল হাসনাইন।
এ প্রতিযোগিতায় অংশগ্রহণে ব্র্যাক বিশ্ববিদ্যালয়কে সহযোগিতা করে মোবাইল সংযোগদাতা প্রতিষ্ঠান রবি আজিয়াটা লিমিটেড। রোবটের নানা তথ্য আছে কেসবুকে (www.fb.com/BracuChondrobotV2)।

— নুরুন্নবী চৌধুরী



সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান

সিএ ভবন, ১০০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

কোন: ৮১১০০৮১,৮১১৫৩০৭-১০, ক্যাক্স: ৯১৩০৪৯৬

ই-মেইল :info@prothom-alo.com